

কী টু নিউ ইয়র্ক সিটি (Key to NYC)



বিনোদন

আপনি যদি নিউ ইয়র্ক সিটিতে কোনো ইনডোর বিনোদনের ব্যবসা বা অলাভজনক প্রতিষ্ঠান পরিচালনা করে থাকেন, তাহলে নিউ ইয়র্ক সিটি নতুন শর্তাদি জারি করেছে ও টুলসমূহ প্রদান করেছে যাতে আপনি নিম্নলিখিত বিষয়গুলো মেনে চলতে পারেন:

আপনসিকল শর্ত মনে চলছেন এবং আপনার কর্মী ও গ্রাহকদেরকে সুরক্ষিত রাখছেন তা নিশ্চিত করার জন্য “[কী টু নিউ ইয়র্ক সিটি](#)” [ওয়েবসাইটে](#) শর্তগুলোর পূর্ণ তালিকাটি দেখুন।

- [মেয়রের নির্বাহী আদেশ](#)
- [প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী \(FAQs\)](#)
- [সাইনেজ](#)
- [সিটি অনুমোদিত বাস্তবায়ন প্রোটোকল টেমপ্লেট](#)
- [ব্যবসা প্রতিষ্ঠানসমূহের জন্য ন্যায্য বাস্তবায়ন সম্পর্কিত দিকনির্দেশিকা](#)

ব্যবসা বা অলাভজনক প্রতিষ্ঠানসমূহের জন্য “কী টু নিউ ইয়র্ক সিটি” বাস্তবায়নের অনেকগুলো উপায় রয়েছে। নিচে কিছু উদাহরণ দেওয়া হলো। এগুলো প্রয়োজনীয় নয়। এই উদাহরণগুলোর উদ্দেশ্য হলো আপনার ব্যবসা বা অলাভজনক প্রতিষ্ঠানের জন্য “কী টু নিউ ইয়র্ক সিটি” বাস্তবায়নের সবচেয়ে কার্যকর ও সহজ উপায় নির্ধারণে আপনাকে সহায়তা করা।

অতিরিক্ত তথ্য চাইলে বা কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে ডিপার্টমেন্ট অভ স্মল বিজনেস সার্ভিসেস এর হটলাইনে কল করুন এই নম্বরে: 888-SBS-4NYC (888-727-4692)।

আপনার পরিকল্পনা বাস্তবায়ন করুন

- ✓ সকলের জন্য প্রতিষ্ঠান খোলা থাকাকালীন পুরো সময় প্রবেশমুখে টিকা গ্রহণের প্রমাণ ও পরিচয়পত্র যাচাই করার দায়িত্ব পালনের জন্য কর্মী সদস্য(দের)-কে মনোনীত করা
- ✓ আপনার কর্মীদেরকে স্পষ্টভাবে আপনার বাস্তবায়ন প্রোটোকল সম্পর্কে জানানো যাতে আপনার টিমের প্রত্যেকে সেটি সম্পাদন করতে পারে
- ✓ গ্রাহকদের সাথে বিবাদ সমাধানে সবচেয়ে ভালো উপায়গুলোর প্রতি মনোযোগ আকর্ষণের জন্য কর্মীদেরকে **এখানে** কী টু নিউ ইয়র্ক সিটি ভিডিও প্রদর্শন করা

- ✓ আপনার বাস্তবায়ন প্রোটোকলের একাধিক কপি প্রিন্ট করা এবং সহজ অ্যাক্সেসের জন্য আপনার প্রতিষ্ঠানের সুবিধাজনক স্থানগুলোতে রাখা
- ✓ গ্রাহকদেরকে প্রস্তুত ও অবগত হয়ে আসতে সহায়তা করার জন্য আপনার ওয়েবসাইট, অনলাইন টিকেটিং প্ল্যাটফর্ম(সমূহ) ও গ্রাহকদেরকে পাঠানো ইমেইলসমূহে “কী টু নিউ ইয়র্ক সিটি” সম্পর্কে ভাষা অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা

কী কী যাচাই করতে হবে জানুন

- ✓ গ্রাহকরা কী কী উপায়ে টিকা গ্রহণের প্রমাণ ও পর্যাপ্ত পরিচয় প্রদর্শন করতে পারেন তার একটি পূর্ণ তালিকা প্রিন্ট করা যাতে কী কী যাচাই করতে হবে সে ব্যাপারে আপনার কর্মীরা নিশ্চিতভাবে একটি সহায়ক নির্দেশিকা পায়
প্রো টিপ: কেউ কেউ তাদের ফোনেও তাদের পরিচয়পত্রের কপি প্রদর্শন করতে পারে
- ✓ কর্মীদেরকে প্রশিক্ষণ দেওয়া যাতে তারা একই সময়ে সকল তথ্য জানতে চাইতে পারে, যেমন- “নিউ ইয়র্ক সিটি ইনডোর ডাইনিংয়ের নতুন টিকাদান নীতি বাস্তবায়ন করেছে। আমি কি আপনার ছবিসহ পরিচয়পত্র ও টিকা গ্রহণের প্রমাণ দুটোই দেখতে পারি?”

- ✓ কর্মীদেরকে নিচের বিষয়টি জিজ্ঞেস করার ব্যাপারে উৎসাহিত করুন: “আপনার ফোনে কি NYC COVID Safe অথবা Excelsior Pass এর মতো কোনো অ্যাপ আছে যেখানে আপনি আপনার টিকা গ্রহণের প্রমাণ দেখাতে পারেন?”

প্রো টিপ: আইফোন ব্যবহারকারীদের এই তথ্য তাদের অ্যাপল ওয়ালেটে সংরক্ষিত থাকতে পারে


সকল অফিশিয়াল টিকার রেকর্ডে যে ফিল্ডগুলো রয়েছে:

- নামের প্রথম অংশ ও শেষ অংশ
- জন্ম তারিখ
- টিকার ব্র্যান্ড নাম
- শুধুমাত্র মার্কিন খাদ্য ও ওষুধ প্রশাসন (FDA) বা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) অনুমোদিত টিকাসমূহ গ্রহণযোগ্য (যেমন: মডার্না বা সিনোফার্ম)
- লট নম্বর* (দ্রষ্টব্য: অন্যান্য দেশের অফিশিয়াল কার্ডে লট নম্বর অন্তর্ভুক্ত নাও থাকতে পারে)
- টিকা প্রদানের তারিখ(সমূহ)
- টিকা প্রদানের কেন্দ্র বা টিকা প্রদানকারী ব্যক্তি। যুক্তরাষ্ট্রের বাইরে টিকা গ্রহণকারী ব্যক্তিদের ক্ষেত্রে, মূল দেশটি টিকা প্রদানের কেন্দ্র হিসেবে তালিকাভুক্ত থাকতে পারে।



চালিয়ে যান

- ✓ ব্যস্ততম সময়গুলোতে সদর দরজায় টিকা গ্রহণের প্রমাণ যাচাইকালে যদি গ্রাহকরা রেগে যান সে ক্ষেত্রে প্রমাণ যাচাইকরণ কাজের জন্য একাধিক কর্মীদেরকে প্রস্তুত রাখা
- ✓ গ্রাহকরা যদি টিকা গ্রহণের প্রমাণ যাচাইকরণের সময় রেগে যান, সে ক্ষেত্রে সদর দরজার কাছে ভিড় নিয়ন্ত্রণের জন্য স্পষ্টভাবে আঁকা লাইনের মতো একটি ব্যবস্থা কার্যকর রাখা
- ✓ আপনার কর্মীদেরকে প্রশ্ন করার আগে গ্রাহকদেরকে সিটির আদেশ সম্পর্কে পড়তে উৎসাহিত করার জন্য “কী টু নিউ ইয়র্ক সিটি” সাইনটি বিশেষভাবে প্রদর্শন করা



সাহায্যের জন্য কোথায় যেতে হবে জানুন

সিটি সংস্থানগুলো ব্যবহার করুন যেগুলো প্রতিটি পদক্ষেপে আপনাকে সহায়তা করার জন্য সাজানো হয়েছে:

- ✓ প্রয়োজনীয় সাইনেজ, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী এবং বাস্তবায়নের টেমপ্লেটের কপি জন্য [কী টু নিউ ইয়র্ক সিটি ওয়েবসাইট](#) দেখুন
- ✓ আর্থিক ও বিনামূল্যের নিয়োগ সংক্রান্ত সহায়তার অ্যাক্সেসের মতো অন্যান্য ব্যবসায়িক সংস্থানসমূহের তথ্যের জন্য [SBS ওয়েবসাইট](#) দেখুন
- ✓ যুক্তিসঙ্গত সুবিধা ও ন্যায্য বাস্তবায়ন সম্পর্কিত তথ্যের জন্য [CCHR ওয়েবসাইট](#) দেখুন
- ✓ আপনার/আপনার ব্যবসা প্রতিষ্ঠানের কাছাকাছি কোনো টিকাদান কেন্দ্র খুঁজে পেতে দেখুন [nyc.gov/vaccinefinder](#)
- ✓ কর্মীরা যদি মনে করেন যে তারা টিকা প্রদানের কোনো জাল প্রমাণ দেখছেন - তর্ক করবেন না! কর্মীদেরকে প্রশিক্ষণ দিন যাতে তারা 311 বা 833-VAX-SCAM (833- 829-7226) নম্বরে কল করে, [STOPVAXFRAUD@health.ny.gov](#) ঠিকানায় ডিপার্টমেন্ট অভ হেলথকে ইমেইল করে অথবা একটি [অভিযোগ ফরম](#) পূরণ করে সে সম্পর্কে অবহিত করতে পারে।

